

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১৪২.২৪ নথির বিষয়: Repair, Maintenance & Painting work of Sarolia Intake pumping station & office building of SWTP.

নোট: ১ নোটের বিষয়: Repair, Maintenance & Painting work of Sarolia Intake pumping station & office building of SWTP.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/১২/২৪ ১১:২৮ পূর্বাহ্ন

ক্রমিক নং ১ হতে ৪ নং পর্যন্ত অনুগ্রহ পূর্বক দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে সারুলিয়া পাম্পিং স্টেশনের সাহায্যে “র” ওয়াটার ডি এন ডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হচ্ছে। সারুলিয়া পাম্পিং স্টেশন সরকারের একটি গুরুত্বপূর্ণ Key Points installations(KPI) স্থাপনা। এখানে, সারুলিয়া পাম্পিং স্টেশনটি শীতলক্ষ্যা নদীর পাড়ে অবস্থিত ফলে প্রতিনিয়ত ঢাকা ওয়াসার উচ্চপদস্থ কর্মকর্তারা উক্ত পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। এছাড়াও বিভিন্ন মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন ধরনের অতিথি সারুলিয়া পাম্পিং স্টেশন ভিজিট করে থাকেন। সারুলিয়া পাম্পিং স্টেশনের অপারেশন ভবন, অফিস ভবন, আনসার ক্যাম্প ভবন এবং দুইটি নিরাপত্তা রুম রয়েছে। সারুলিয়া পাম্পিং স্টেশনের অপারেশন ভবন, অফিস ভবন এবং আনসার ক্যাম্প ভবনের ওয়াল, দরজা এবং জানালা দীর্ঘদিন মেরামত কাজ না করার ফলে ওয়ালের প্রাচীর ধসে পড়েছে এবং ভবনের সৌন্দর্য্য /উজ্জলতা নষ্ট হয়ে পড়েছে। যা জরুরী মেরামত সহ আধুনিকায়ন করা প্রয়োজন। এছাড়াও দরজা ও জানালা মেরামত কাজ ও করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/১২/২৪ ১১:২৯ পূর্বাহ্ন

আলোচ্য মেরামত এবং রং করণ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে PWD-2022 এর রোট সিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৮,৩৫৫.৭০৫ (নয় লক্ষ আটানব্বই হাজার তিনশত পঞ্চাশ দশমিক সাত শূন্য পাঁচ) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/১২/২৪ ১১:৩১ পূর্বাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র LTM (e-GP) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৮৫ এবং প্যাকেজ নং-W-44 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) এর (ঘ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) প্রয়োগের প্রস্তাবনা দেয়া হয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD e-PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে ক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হয়েছে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৪-২৫ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। সারুলিয়া পাম্পিং স্টেশনের লোকেশন ম্যাপ।
- ৩। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২/১২/২৪ ১১:৩৩ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত এর বিস্তারিত বর্ণনার আলোকে, “Repair, Maintenance & Painting work of of Sarolia Intake pumping station & office building of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।



ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৯.৯৮,৩৫৫.৭০৫ (নয় লক্ষ আটতিনকোই হাজার তিনশত পঞ্চাশ দশমিক সাত শূন্য পাঁচ) টাকার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।



উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের

আওতাধীন।

			
২/১২/২৪ ১১:৩৮ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৭/১২/২৪ ৮:২২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৮/১২/২৪ ৮:১৬ পূর্বাহ্ন সৈয়দ শিহাবুর রহমান নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৮/১২/২৪ ৮:১৬ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল





অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৮/১২/২৪ ১২:৪৬ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

		
৮/১২/২৪ ১২:৪৭ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৮/১২/২৪ ৭:৫৮ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৮/১২/২৪ ৭:৫৮ অপরাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১১/১২/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন

Approved.

			
১১/১২/২৪ ১১:৫৯ পূর্বাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর			
১১/১২/২৪ ৬:২৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১১/১২/২৪ ১১:৫৬ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১২/১২/২৪ ১১:০৮ পূর্বাহ্ন সৈয়দ শিহাবুর রহমান নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৩১/১/২৫ ১১:৫৪ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা, ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
			৩১/১/২৫ ১১:৫৪ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)